# ইংরেজি পরীক্ষার হলে মোবাইল ও নকল, বহিষ্কার ১২

প্রকাশের তারিখ : ২৫ জুলাই ২০২৬




জামালপুরের দেওয়ানগঞ্জে আব্দুল খালেক (এ.কে) মেমোরিয়াল ডিগ্রি কলেজে ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স তৃতীয় বর্ষের পরীক্ষায় নকলের দায়ে ১২ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। শনিবার (২৫ জুলাই) বিকেলে ইংরেজি (আবশ্যিক) বিষয়ের পরীক্ষা চলাকালে এ ঘটনা ঘটে।

কেন্দ্র সূত্রে জানা যায়, বিকেল সাড়ে ৩টার দিকে দেওয়ানগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ জহুরুল হোসেন আকস্মিক কেন্দ্র পরিদর্শনে যান। এ সময় তিনি বেশ কয়েকজন পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন ও বইয়ের পাতা (কাটিং) দেখতে পান। পরীক্ষার শৃঙ্খলা ভঙ্গের দায়ে তিনি তৎক্ষণাৎ ১২ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন।

বহিষ্কৃতদের মধ্যে সানন্দবাড়ী ডিগ্রি কলেজের ছয়জন এবং মোফাজ্জল হোসেন মেমোরিয়াল ডিগ্রি কলেজের ছয়জন পরীক্ষার্থী রয়েছেন।

এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহ জহুরুল হোসেন বলেন, ‘কেন্দ্র পরিদর্শনের সময় কয়েকজন পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন ও বইয়ের কাটিং পাওয়া গেছে। পরীক্ষার নিয়ম ভঙ্গ করায় তাঁদের বহিষ্কার করা হয়েছে। সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা নিশ্চিত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।’

**সম্পাদক ও প্রকাশক**
**আলতামাশ কবির**

**নির্বাহী সম্পাদক**
**শাহরিয়ার করিম**

**প্রধান, ডিজিটাল সংস্করণ**
**রাশেদ আহমেদ**

কপিরাইট © ২০২৬ | সংবাদ | সর্বস্বত্ব সংরক্ষিত